

সীমিত

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী

মোমেনশাহী সেনানিবাস

ই-মেইলঃ cpscmyn@gmail.com

তারালাপনী : সামরিক ৬৬৭০১ বর্ধিত ৩১৭০

আষাঢ় ১৪২৯

জুন ২০২২


সিপিএসসিএম /৩০১/প্রশা/৬০২০

**বার্ষিক ম্যাগাজিন 'উন্মীলন-২০২২' ছাপার কার্যাদেশ প্রদান প্রসঙ্গে**

১। ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী-এর ২০২২ সালের বিষয়োক্ত ম্যাগাজিনের ৫০০০(পাঁচ হাজার) কপি ছাপানোর নিমিত্তে দাখিলকৃত আপনার দরপত্রটি ম্যাগাজিন প্রকাশনা কমিটি কর্তৃক গৃহীত হওয়ার নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আপনাকে দরপত্রে বর্ণিত নমুনা মোতাবেক তা ছাপানোর জন্য কার্যাদেশ দেয়া হলো :

- ক। আগামী ০৫ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে সমস্ত ম্যাগাজিন ছাপার কাজ সম্পন্ন করত প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করতে হবে।
- খ। ম্যাগাজিন ছাপার কাজ সমাপ্তির পর নিজ খরচে তা অত্র প্রতিষ্ঠানে পৌঁছে দিতে হবে।
- গ। ম্যাগাজিন ছাপার ক্ষেত্রে কোনো প্রকার ত্রুটিযুক্ত ম্যাগাজিন গ্রহণযোগ্য নয়।
- ঘ। প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত তথ্যাদি সঠিক মুদ্রণে স্পষ্ট হতে হবে।
- ঙ। ম্যাগাজিন আকার হবে ৮.৫ ইঞ্চি×১১ ইঞ্চি সাইজ A4।
- চ। প্রতিটি ম্যাগাজিনের পৃষ্ঠা সংখ্যা হবে ২০০ (কভার বাদে)।
- ছ। ইনার কাগজ ১২০ গ্রাম গ্লোসি আর্ট পেপার (বিদেশি) হতে হবে।
- জ। ম্যাগাজিন বিতরণের জন্য ম্যাগাজিনের কভার পৃষ্ঠার অনুরূপ রঙের অফসেট কাগজের ৫০০টি বক্স খাম (রঙিন) সরবরাহ করতে হবে।
- ঝ। কভার ৩০০ গ্রাম কোরিয়ান আর্ট কার্ড (হ্যানসল কোরিয়া), কভার স্পটমেট লেমিনেশন এবং ফয়েল হতে হবে।
- ঞ। ম্যাগাজিনের বাঁধাই (মেশিন বাইন্ডিং) মজবুত ও সুন্দর হতে হবে।
- ট। মোট ম্যাগাজিনের সংখ্যা হবে ৫০০০ কপি।
- ঠ। প্রতিটি ম্যাগাজিনের প্রতিষ্ঠানের লোগো সম্বলিত ট্যাগ (পৃষ্ঠা সনাক্তকরণ) ফিতাসহ থাকতে হবে।
- ড। ম্যাগাজিনের কভার ও কালির মান নমুনা অনুযায়ী হতে হবে।
- ঢ। প্রতিটি ম্যাগাজিনে ০১টি করে ট্রেসিং পেপার থাকতে হবে।
- ণ। Restation out কোনো Printed ম্যাগাজিন গ্রহণযোগ্য নয়।
- ত। ছবির ছাপা ঝকঝকে ও স্পষ্ট হতে হবে।
- থ। সম্পূর্ণ ম্যাগাজিন প্রকৃত ৪ রং বিশিষ্ট (সম্পূর্ণ রঙিন) হবে।
- দ। ম্যাগাজিন সরবরাহের পর দুই কপি বিল দাখিল করতে হবে।
- ধ। ম্যাগাজিনের জন্য ডিজাইনিং, পেইজ সেটিং, ইলাস্ট্রেশন ও ছাপানোসহ সমুদয় কাজ সম্পন্ন করতে হবে।
- ন। যে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কার্যাদেশ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২। এ কার্যাদেশ ২৮ জুন, ২০২২ তারিখ হতে কার্যকর হবে।

  
শামীম আহমেদ  
লেঃ কর্নেল  
অধ্যক্ষ

বিতরণ :

কার্যক্রম :

এড কমিউনিকেশন

৬৫, জামাল খান রোড (২য় তলা)

চট্টগ্রাম-৪০০০।

অবগতি :

উপাধ্যক্ষ (কলেজ)

কামরুন নাহার হাসিনা, (প্রভাষক, ইংরেজি) সম্পাদক, বার্ষিক ম্যাগাজিন কমিটি, 'উন্মীলন-২০২২'

সহকারী প্রধান শিক্ষক

প্রশাসনিক কর্মকর্তা

হিসাব শাখা

সীমিত